

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

রাসূল (ছাঃ)-কে হত্যার চেষ্টা (محاولة اغتيال النبي صـ)

মদীনায় ফেরার পথে রাস্লুল্লাহ (ছাঃ) একটি সংকীর্ণ গিরিসংকট অতিক্রম করছিলেন। এ সময় তাঁর সাথে কেবল 'আম্মার বিন ইয়াসির ও হুযায়ফা ইবনুল ইয়ামান ছিলেন। 'আম্মার রাসূল (ছাঃ)-এর উদ্ধীর লাগাম ধরে সামনে হাঁটছিলেন এবং হুযায়ফা পিছনে থেকে উদ্ধী হাঁকাচিছলেন। মুসলিম বাহিনী তখন পিছনে উপত্যকায় ছিল। ১২ জন মুনাফিক যারা এতক্ষণ সুযোগের অপেক্ষায় ছিল, তারা মুখোশ পরে দ্রুত এগিয়ে এসে ঐ গিরিসংকটে প্রবেশ করল এবং পিছন থেকে অতর্কিতে রাসূল (ছাঃ)-কে হত্যা করতে উদ্যত হ'ল। হঠাৎ পদশব্দে রাসূলুল্লাহ (ছাঃ) পিছন ফিরে তাকান এবং হুযায়ফাকে ওদের ঠেকানোর নির্দেশ দেন। হুযায়ফা তাঁর ঢাল দিয়ে ওদের বাহনগুলির মুখের উপরে আঘাত করতে থাকেন। এতেই আল্লাহর ইচ্ছায় তারা ভীত হয়ে পিছন ফিরে দৌড় দিয়ে দ্রুত সেনাবাহিনীর মধ্যে হারিয়ে যায়।

এভাবেই মুনাফিকরা অন্যান্য সময়ের ন্যায় এবারেও রাসূল (ছাঃ)-এর ক্ষতি সাধনে ব্যর্থ হ'ল। এ বিষয়ে আল্লাহ বলেন,ا وَهُمُّوْا بِمَا لَمْ يَنَالُوْا بِمَا لَمْ يَنَالُوهُ 'তারা চেয়েছিল সেটাই করতে, যা তারা পারেনি' (তওবাহ ৯/৭৪)। রাসূলুল্লাহ (ছাঃ) তাদের সকলের নাম ও তাদের অসদুদ্দেশ্য সম্পর্কে হ্যায়ফাকে অবহিত করেন। তবে সেগুলি প্রকাশ করতে নিষেধ করেন। একারণে হ্যায়ফাকে আছি আছি আছি আছি আছি করেন। একারণে হ্যায়ফাকে করেন। একারণে হ্যায়ফাকে করা হয়'।[1] ঐ মুনাফিকদের সম্পর্কে রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, ক্রিটি ছুঁ আনু দিইটি ছুঁ আনু দিইটি ছুঁ আছি মুনাফিক রয়েছে, যারা জালাতে প্রবেশ করবে না এবং জালাতের সুগদ্ধিও পাবে না। তাদের জালাতে যাওয়া ঐরপ অসম্ভব, যেরপ সূঁচের ছিদ্রপথে উটের প্রবেশ অসম্ভব'।[2] ফলে মদীনায় কেউ মারা গেলে ওমর (রাঃ) তার জানাযায় যাওয়ার পূর্বে খোঁজ নিতেন হুযায়ফা যাচ্ছেন কি-না। হুযায়ফা না গেলে তিনি যেতেন না, এই কারণে যে, যদি ঐ মৃত ব্যক্তি ঐ মুনাফিকদের মধ্যকার কেউ হয়।[3]

## ফুটনোট

- [1]. তিরমিয়ী হা/৩৮১১; মিশকাত হা/৬২২৩।
- [2]. মুসলিম হা/২৭৭৯; মিশকাত হা/৫৯১৭।
- [3]. আল-বিদায়াহ ৫/১৯; আল-ইছাবাহ ক্রমিক ১৬৪৯; মির'আত ১/১৪০ 'হুযায়ফার জীবনী' দ্রষ্টব্য।



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন